

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮২১

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق) পরিচ্ছেদঃ ৬৭. সবচেয়ে কঠিন বিপদ-মুসীবতে পতিত মানুষ

باب فِي أَشَدِّ النَّاسِ بَلَاءً

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَاصِمٍ عَنْ مُصْعَبِ بْنِ سَعْدٍ عَنْ سَعْدٍ قَالَ سُئِلَ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ النَّاسِ أَشَدُّ بَلَاءً قَالَ الْأَنْبِيَاءُ ثُمَّ الْأَمْثَلُ فَالْأَمْثَلُ يُبْتَلَى النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ النَّاسِ أَشَدُّ بَلَاءً قَالَ الْأَنْبِيَاءُ ثُمَّ الْأَمْثَلُ فَالْأَمْثَلُ يُبْتَلَى النَّبِيُ صَلَابَةً زِيدَ صَلَابَةً وَإِنْ كَانَ فِي دِينِهِ رَقَّةً الرَّجُلُ عَلَى حَسَبِ دِينِهِ فَإِنْ كَانَ فِي دِينِهِ صَلَابَةٌ زِيدَ صَلَابَةً وَإِنْ كَانَ فِي دِينِهِ رَقَّةً خُلُوفَ عَنْهُ وَلَا يَزَالُ الْبَلَاءُ بِالْعَبْدِ حَتَّى يَمْشِي عَلَى الْأَرْضِ مَا لَهُ خَطِيئَةً

বাংলা

২৮২১. সা'দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করা হলো, সর্বাপেক্ষা কঠিন মুসীবতের সম্মুখীন হয় কোন্ মানুষ? তিনি বললেনঃ নবীগণ, এরপর তাদের অনুরূপ যারা, এরপর তাদের অনুরূপ যারা। একজন লোক তার দীনদারীর অনুপাতে পরীক্ষায় নিপতিত হয়। যদি সে তার দীনে মজবুত হয় তবে তার পরীক্ষাও তুলনামূলকভাবে কঠোরতর হয়; আর সে যদি দীনের ক্ষেত্রে দুর্বল হয়, তবে সে তার পরীক্ষাও হালকা করা হয়। আর এভাবে বান্দা বিপদ-আপদে পড়তেই থাকে শেষ পর্যন্ত সে জমিনের উপর এমনভাবে বিচরণ করতে থাকে যে তার আর কোন গুনাহ অবশিষ্ট থাকে না।"[1]

ফুটনোট

[1] তাহক্রীক্ব: এর সনদ হাসান, তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৮৩০ ও সহীহ ইবনু হিব্বান নং ২৯০০, ২৯০১, ২৯২০ ও মাওয়ারিদুয যাম'আন নং ৬৯৮, ৬৯৯, ৭০০ তে।

সংযোজনী: তায়ালিসী ২/৪৪ নং ২০৯১; তাহাবী, মুশকিলিল আছার ৩/৬১; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ৯৭৭৫; আবূ নুয়াইম, হিলইয়া ১/৩৬৮।



এর শাহিদ হাদীস ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে গত হয়েছে ২৮১৪ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন